গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৬৭ তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৮

২৮ মে ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**ঘূর্ণিঝড় "ইয়াস" সম্পর্কে মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রেস ব্রিফিং:**

ঘূর্ণিঝড় "ইয়াস" এর প্রভাবে বাংলাদেশের উপকূলীয় জেলায় ক্ষয়ক্ষতি এবং সার্বিক পরিস্থিতি অবহিত করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান, এমপি আজ ২৬ মে, ২০২১ তারিখ দুপুর ২.০০টায় একটি প্রেস ব্রিফিং করেন। এ সময় মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোহসীন এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেস ব্রিফিং এ মাননীয় প্রতিমন্ত্রী আলোকপাত করেন যে, ভৌগোলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে জনবহুল বাংলাদেশ বিশ্বেরঅন্যতম দুর্যোগ প্রবণদেশ হিসেবে চিহ্নিত । পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণিঝড় ইয়াস কয়েক ঘন্টাআগে স্থল ভাগে আঘাত হেনেছে। ঘূর্ণিঝড় ইয়াস মোকাবিলায় সরকারের সার্বিক পূর্ব-প্রস্তুতি হিসেবে আমরা গতকয়েক দিন যাবত নিরলস ভাবে কাজ করেছি। ঘূর্ণিঝড়ের সর্বশেষ অবস্থা নিয়ে আপনাদের সাথে আমার কয়েক বার প্রেস ব্রিফিংয়ে কথা হয়েছে। উপকূলীয় জেলা, উপজেলা সমূহে ঘূর্ণিঝড়ের তথ্য আদান-প্রদানে নিয়ন্ত্রণকক্ষ খোলা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের এনডিআরসিসি ঘূর্ণিঝড়ের তথ্য সংগ্রহ ও আদান-প্রদানে সার্বক্ষণিক কাজ করেছে।

মাননীয় প্রতিমন্ত্রী বলেন যে, ঘূর্ণিঝড় "ইয়াস" এর প্রভাবে উপকুলীয় ১৪টি জেলার(পটুয়াখালী, সাতক্ষীরা, বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, বরিশাল, ভোলা, বাগেরহাট, চাঁদপুর, লক্ষীপুর, খুলনা, ফেনী, চট্টগ্রাম, নোয়াখালী) নিম্নাঞ্চল ও চর এলাকায় স্বাভাবিক জোয়ারের চেয়ে ২-৩ ফুট উচ্চতায় জোয়ারের পানি উঠেছে। ঘূর্ণিঝড়ে উপকূলীয় জনগণকে আশ্রয় দেয়ার জন্য ৬২৫১টি আশ্রয় প্রস্তুত রাখা হয়েছিল। মোট ১৭,৫৬৭ জন লোক গতকাল রাতে আশ্রয়কেন্দ্রে অবস্থান নেয়। অদ্য সকালে এ সকল লোকজন নিজ নিজ বাড়ীঘরে ফিরে গেছে। আশ্রয়কেন্দ্রে আশ্রিত লোকদের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ জেলা প্রশাসন কর্তৃক শুকনা ও অন্যান্য খাবার সরবরাহ করার জন্য প্রস্তুত রাখা হয়েছিল।

উপকুলীয় এলাকায় সিপিপি'র ৭৬ হাজার স্বেচ্ছাসেবক ছাড়াও স্কাউট, রেড ক্রিসেন্ট সোসাইটি, আনসার ভিডিপির স্বেচ্ছাসেবকগণ কাজ করছে। সিপিপি স্বেচ্ছাসেবকগণের মধ্যে খুলনা বিভাগে ১১,৪৮০ জন, বরিশালে ৮,২০০ জন, বরগুনায় ১১,৬০০ এবং ভোলায় ১৩,৬০০ জন সিপিপি স্বেচ্ছাসেবক মাঠে কাজ করছে। এ কারণে স্থানীয় প্রশাসন ও সিপিপি স্বেচ্ছাসেবকদের মাধ্যমে নিম্নাঞ্চল, বিচ্ছিন্ন চরাঞ্চল থেকে আগেই মানুষকে উঁচু স্থানে সরিয়ে আনা হয়েছে। ঝড় আঘাত হানলে মানুষকে আশ্রয়কেন্দ্রে আনার জন্য আশ্রয়কেন্দ্রগুলো প্রস্তুত ছিল। মানবিক সহায়তার যথেষ্ট সংস্থান আগে থেকেই করা ছিল। এ ছাড়া স্বাস্থ্যবিধি মেনে আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনার জন্য যথেষ্ট মাস্ক এবং স্বাস্থ্য উপকরণ নিশ্চিত করা হয়েছিল।

আজ (২৬/০৫/২০২১) তারিখঘূর্ণিঝড় 'ইয়াস' এর প্রভাবে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ায় উপকূলীয় ৯টিজেলার ২৭টিউপজেলায়ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ১৬,৫০০ (ষোল হাজার পাঁচশত) শুকনা ও অন্যান্য খাবারের প্যাকেট সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ**

**<u>আবহাওয়ারবিশেষবিজ্ঞপ্তিক্রমিকনম্বর১৮ (আঠার), তারিখ: ২৬.০৫.২০২১</u>**

পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় "ইয়াস"(ECP৯৮৬hPa) আরো উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (২৫মে, ২০২১) দুপুর ১২.০০টা নাগাদ ডামরার উত্তর এবং বালাশোরের দক্ষিণ দিক দিয়ে ভারতের উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম শুরু করেছে। এটি আরো উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে পরবর্তী ০৩-০৪ ঘন্টার মধ্যে উপকূল অতিক্রম সম্পন্ন করতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৮৪কিঃমিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১৩০কিঃমিঃ যা দমকা অথবা ঝড়োহাওয়ার আকারে ১৫০কিঃমিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে।অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ০৩ (তিন) পুনঃ ০৩ (তিন)নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

অতি প্রবল ঘূর্ণিঝড় অতিক্রমকালে খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, বরিশাল, ভোলা, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, ও চট্টগ্রাম জেলাসমূহ এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহে ভারী থেকে অতি ভারী বর্ষনসহ ঘন্টায় ৮০-১০০ কিঃ মিঃ বেগে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড় ও পূর্ণিমার প্রভাবে খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, বরিশাল, ভোলা, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, ও চট্টগ্রাম জেলাসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৩-৬ ফুট অধিক উচ্চতার জোয়ারে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

**আজ২৬/০৫/২০২১খ্রিঃদুপুর০১টাপর্যন্তদেশেরঅভ্যন্তরীণনদীবন্দরসমূহেরজন্যআবহাওয়ারপূর্বাভাসঃ**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, যশোর,কুষ্টিয়া, ফরিদপুর, মাদারিপুর, চাঁদপুর, রাজশ াহী,পাবনা এবং টাংগাইল যশোর অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ-পূর্ব/পূর্বদিক থেকে ঘন্টায় ৬০-৮০কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়েযেতে পারে। এসব এলাকার নদী বন্দর সমূহকে ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

এছাড়া দেশের অন্যত্র দক্ষিণ-পূর্ব/পূর্বদিক থেকে ঘণ্টায় ৪৫-৬০কি:মি: বেগে অস্থায়ী ভাবেদমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেইসাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১নম্বর (পুনঃ) ১ নম্বর নৌ-হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

**২৬মে২০২১খ্রিঃতারিখ সকাল০৯টাথেকেপরবর্তী২৪ঘন্টারআবহাওয়ারপূর্বাভাসঃ**

**সিনপ্টিকঅবস্থাঃ** পূর্ব-মধ্যবঙ্গোপসাগরও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতিপ্রবল ঘূর্ণিঝড় 'ইয়াস"(ECP৯৮৬hPa) আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে আজ সকাল (২৬মে, ২০২১) সকাল ০৯ টায় ভারতের উত্তর উড়িষ্যা-পশ্চিম উপকূলের অদূরে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় (২০.৯ডিগ্রী উত্তর অক্ষাংশ, ৮৭.৩ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। অতি প্রবল ঘূর্ণিঝড়টি আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (২৬মে ২০২১ ) দুপুর ১২টানা গাদ ডামরার উত্তর এবং বালাশোরের দক্ষিণ দিক দিয়ে ভারতের উত্তর উড়িষ্যা-পশ্চিম বঙ্গউপকূল অতিক্রম করতে পারে।

**পূর্বাভাসঃ**খুলনা, বরিশাল, ঢাকা, রাজশাহী ও রংপুর বিভাগের অধিকাংশ জায়গায় এবং ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারী ধরনেরবৃষ্টি /বজ্রসহ বৃষ্টিহতে পারে। সেই সাথে

সারাদেশের কোথাও কোথাও ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে।

**তাপপ্রবাহঃ** পাবনা, কুড়িগ্রাম, কিশোরগঞ্জ ও ফেনী অঞ্চলসহ সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং এটি প্রশমিত হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সেঃ হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৭.০ | ৩৫.৭ | ৩৬.৬ | <u>৩৭.৪</u> | ৩৬.৭ | ৩৬.৫ | ৩২.৮ | ৩৪.৩ |
| সর্বনিম্ন তাপমাত্রা | <u>২৪.২</u> | ২৫.৯ | ২৫.০ | **২৬.১** | ২৪.৫ | ২৪.৫ | ২৪.৮ | ২৫.৩ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিলসিলেট৩৭.৪$^{O}$ সেঃএবংআজকের সর্বনিম্ন তাপমাত্রানিকলি২৪.২$^{O}$ সেঃ।
(সূত্রঃবাংলাদেশআবহাওয়াঅধিদপ্তর, ঢাকা।)

**অগ্নিকান্ডেরতথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৪মে, ২০২১খ্রিঃ তারিখ রাত১২.০০টা থেকে২৫মে, ২০২১খ্রিঃতারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৫টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৪ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ২ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | **মোট** | **১৫** | **০** | **০** |

## <u>দুর্যোগব্যবস্হাপনাওত্রাণমন্ত্রণালয়কর্তৃকগৃহীতত্রাণকার্যক্রমঃ</u>

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ২৬/০৫/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.১৭৪ নম্বর স্মারকের মাধ্যমে ঘূর্ণিঝড় 'ইয়াস' এর প্রভাবে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ায় উপকূলীয় ৯ টি জেলার ২৭টি উপজেলায় ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে১৬,৫০০ (ষোল হাজার পাঁচশত) শুকনা ও অন্যান্য খাবারের প্যাকেট সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | উপজেলায় শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট) | জেলায় মোটশুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট) |
|---|---|---|---|---|
| ১ | সাতক্ষীরা | শ্যামনগর | ১,৩৫০ | ১,৯৫০ |
| | | আশাশুনি | ৬০০ | |
| ২ | খুলনা | কয়রা | ৭৫০ | ২,১০০ |
| | | দাকোপ | ৬০০ | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাইকগাছা | ৭৫০ | |
| ৩ | বাগেরহাট | শরণখোলা | ১৫০ | ৯০০ |
| | | মোংলা | ৬০০ | |
| | | মোড়েলগঞ্জ | ১৫০ | |
| ৪ | পিরোজপুর | মঠবাড়ীয়া | ১৫০ | ১৫০ |
| ৫ | বরগুনা | বরগুনা সদর | ৬০০ | ১,৫০০ |
| | | পাথরঘাটা | ১৫০ | |
| | | আমতলী | ৭৫০ | |
| ৬ | পটুয়াখালী | পটুয়াখালী সদর | ৩০০ | ৩,৩০০ |
| | | গলাচিপা | ৬০০ | |
| | | রাঙ্গাবালী | ৭৫০ | |
| | | দশমিনা | ৪৫০ | |
| | | মির্জাগঞ্জ | ৯০০ | |
| | | কলাপাড়া | ৩০০ | |
| ৭ | ভোলা | চরফ্যাশন | ১,৩৫০ | ৩,৭৫০ |
| | | মনপুরা | ৬০০ | |
| | | তজুমদ্দিন | ৬০০ | |
| | | দৌলতখান | ৩০০ | |
| | | বোরহানউদ্দিন | ৩০০ | |
| | | ভোলা সদর | ৬০০ | |
| ৮ | নোয়াখালী | হাতিয়া | ১,৬৫০ | ১,৬৫০ |
| ৯ | লক্ষ্মীপুর | রামগতি | ৬০০ | ১,২০০ |
| | | কমলনগর | ৬০০ | |
| | মোট= | ২৭টি | | ১৬,৫০০ |

২৮-৫-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৬৭/১(১৭০)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৮
২৮ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) জেলা প্রশাসক (সকল)
৯) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২৮-৫-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা